

গীতি-মাল্য

৯৮

তোমার আনন্দ ঐ এল দ্বারে
এল এল এল গো । (ওগো পুরবাসী)
বুকের আঁচলখানি ধূলায় পেতে
আঙিনাতে মেলো গো ।

পথে সেচন কোরো গন্ধবারি
মলিন না হয় চরণ তারি,

তোমার সুন্দর ঐ এল দ্বারে
এল এল এল গো ।

আকুল হৃদয়খানি সম্মুখে তা'র
ছড়িয়ে ফেলো ফেলো গো ॥

গীতি-মাল্য

তোমার সকল ধন যে ধন হ'ল হ'ল গো ।
 বিশ্বজনের কল্যাণে আজ
 ঘরের দুয়ার খোলো গো

হের রাঙা হ'ল সকল গগন,
 চিত্ত হ'ল পুলক-মগন,
তোমার নিত্য আলো এল দ্বারে
 এল এল এল গো ।

তোমার পরাণ-প্রদীপ তুলে ধোরো
 ঐ আলোতে জ্বলো গো ॥

৩রা বৈশাখ, ১৩২১

শান্তিনিকেতন